

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.১৩.২০২৪. ২৪৫১৪৬


তারিখ: ২৮ জানুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ  
০২ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মুহাম্মদ জাহিদুল হক শাহীন (২৫৪৭৪), প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), ফুলগাজী সরকারি কলেজ, ফেনী গত ২২/০৩/২০২১ তারিখে কলেজে যোগদান করেন। কিন্তু আপনি ব্যক্তিগত প্রয়োজন ছাড়া কলেজে আসেন না এবং আপনার উপর অর্পিত দায়িত্ব পালন করছেন না। গত ১৫/০৮/২০২৩ তারিখ থেকে আপনি অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন যা সরকারি চাকরি বিধির পরিপন্থী। এহেন আচরণের জন্য অধ্যক্ষ, ফুলগাজী সরকারি কলেজ, ফেনী আপনাকে ০২ (দুই) বার কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন। উক্ত কারণ দর্শানোর নোটিশ ০২ (দুই) টি আপনার ই-মেইলে এবং স্থায়ী ও বর্তমান ঠিকানায় রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা হয়। তথাপি আপনি কারণ দর্শানোর নোটিশ গ্রহণ করেননি এবং উক্ত নোটিশের জবাব প্রদান করেননি। ইতোমধ্যে আপনার আগষ্ট ২০২৩ মাসের বেতন বন্ধ রাখা হয়েছে। কিন্তু এতেও আপনি নিজেকে সংশোধন না করে অধ্যক্ষের সাথে ঔদ্ধত্য ও কুরুচিপূর্ণ আচরণ অব্যাহতভাবে করে যাচ্ছেন। তদপ্রেক্ষিতে কলেজের একাডেমিক কার্যক্রম ও প্রশাসনিক শৃঙ্খলা নষ্ট হচ্ছে। উক্ত অভিযোগ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

  
১২/৩/২৪  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান কর্মস্থল:**

জনাব মুহাম্মদ জাহিদুল হক শাহীন (২৫৪৭৪)  
প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), ফুলগাজী সরকারি কলেজ, ফেনী।

**স্থায়ী ঠিকানা:**

জনাব মুহাম্মদ জাহিদুল হক শাহীন  
পিতা: আবদুল হক  
গ্রাম: সুজাপুর, হাজী আদুল হক নিবাস, আকবর চাপরাশী সড়ক  
ডাকঘর: বাহারাব চৌধুরী হাট, থানা: সোনাগাজী, জেলা: ফেনী।


**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

জনাব মুহাম্মদ জাহিদুল হক শাহীন (২৫৪৭৪), প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), ফুলগাজী সরকারি কলেজ, ফেনী গত ২২/০৩/২০২১ তারিখে কলেজে যোগদান করেন। তিনি ব্যক্তিগত প্রয়োজন ছাড়া কলেজে আসেন না এবং তাঁর উপর অর্পিত দায়িত্ব পালন করছেন না। গত ১৫/০৮/২০২৩ তারিখ থেকে তিনি অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন যা সরকারি চাকরি বিধির পরিপন্থী। এহেন আচরণের জন্য অধ্যক্ষ, ফুলগাজী সরকারি কলেজ, ফেনী তাহাকে ০২ (দুই) বার কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন। উক্ত কারণ দর্শানোর নোটিশ ০২ (দুই) টি তাঁর ই-মেইলে এবং স্থায়ী ও বর্তমান ঠিকানায় রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা হয়। তথাপি তিনি কারণ দর্শানোর নোটিশ গ্রহণ করেননি এবং উক্ত নোটিশের জবাব প্রদান করেননি। ইতোমধ্যে তাঁর আগষ্ট ২০২৩ মাসের বেতন বন্ধ রাখা হয়েছে। কিন্তু এতেও তিনি নিজেকে সংশোধন না করে অধ্যক্ষের সাথে ঔদ্ধত্য ও কুরুচিপূর্ণ আচরণ অব্যাহতভাবে করে যাচ্ছেন। তদপ্রেক্ষিতে কলেজের একাডেমিক কার্যক্রম ও প্রশাসনিক শৃঙ্খলা নষ্ট হচ্ছে। উক্ত অভিযোগ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

জনাব মুহাম্মদ জাহিদুল হক শাহীন (২৫৪৭৪), প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), ফুলগাজী সরকারি কলেজ, ফেনী এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

  
সোহেল খান  
(সোলেমান খান)  
সচিব